

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯২৫

১/ বিবিধ

আরবী

من رضي بالقليل من الرزق رضي الله منه بالقليل من العمل، وانتظار الفرج من الله
عبادة
ضعيف جدا

رواه أبو بكر الأزدي في " حديثه " (4 - 5) عن عبد الله بن شبيب: أخبرنا إسحاق
الفروي قال: أخبرنا سعيد بن مسلم بن بانك أنه سمع علي بن الحسين عن أبيه عن
علي مرفوعا. قلت: وهذا إسناد ضعيف جدا، عبد الله بن شبيب، قال الذهبي: " واه،
قال أبو أحمد الحاكم: زاهب الحديث ... ". وقال في " الضعفاء ": " مجمع على ضعفه
". وإسحاق الفروي هو ابن محمد من شيوخ البخاري، لكنه ضعيف من قبل حفظه،
وبه أعله المناوي قلت: لكني وجدت له طريقا أخرى، فقال أبو الحسين الأبنوسي في
" الفوائد " (23 / 1) : أخبرنا الملاحمي (محمد بن أحمد بن موسى البخاري) قال:
حدثنا أبو إسحاق محمود بن إسحاق المطوعي قال: حدثنا عبد الله بن حماد الآملي
قال: حدثنا الربيع بن روح قال: حدثنا سلم بن سالم عن جعفر بن محمد عن أبيه عن
علي بن أبي طالب مرفوعا

قلت: وهذا سند ضعيف جدا، آفته سلم بن سالم وهو البلخي الزاهد، ضعفه أحمد
والنسائي، وأشار الأصم إلى تكذيبه. وفقرة الانتظار لها طرق أخرى سبق تخريجها
برقم (1573) وبعدها هذا الحديث من الطريق الأولى من مصدرين آخرين

বাংলা

১৯২৫। যে ব্যক্তি কম রিয়কে সম্ভষ্ট হবে আল্লাহ তা'য়ালার কম আমলে সম্ভষ্ট হবেন। আর আল্লাহ তা'য়ালার পক্ষ থেকে প্রশস্ততার অপেক্ষা করা হচ্ছে ইবাদাত ।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে আবু বাকর আযদী তার “হাদীস” গ্রন্থে (৪-৫) আব্দুল্লাহ ইবনু শাবীব হতে, তিনি ইসমাঈল ফারাবী হতে, তিনি সাঈদ ইবনু মুসলিম ইবনু বানাক হতে, তিনি আলী ইবনুল হুসাইন হতে, তিনি তার পিতা হতে, তিনি আলী (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। কারণ আব্দুল্লাহ ইবনু শাবীব সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ তিনি দুর্বল। আবু আহমাদ হাকিম বলেনঃ তিনি যাহেবুল হাদীস।

তিনি (যাহাবী) “আযযুয়াফা” গ্রন্থে বলেনঃ তার দুর্বল হওয়ার ব্যাপারে ইজমা হয়েছে।

আর ইসহাক ফারাবী হচ্ছেন ইবনু মুহাম্মাদ, তিনি ইমাম বুখারীর শাইখদের অন্তর্ভুক্ত। কিন্তু তিনি তার হেফযের দিক থেকে দুর্বল। মানবী এর দ্বারাই সমস্যা বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছি কিন্তু আমি হাদীসটির অন্য একটি সূত্র পেয়েছি। আবুল হুসাইন আবনূসী “আলফাওয়াইদ” গ্রন্থে (১/২৩) বলেনঃ আমাদেরকে হাদীসটি মালামেহী (মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনু মুসা বুখারী) হাদীসটি বর্ণনা করেছেন আবু ইসহাক মাহমূদ ইবনু ইসহাক মুতাওয়াঈ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু হাম্মাদ আমুল্লী হতে, তিনি রাবী ইবনু রাওহ হতে, তিনি সালম ইবনু সালেম হতে, তিনি জা'ফার ইবনু মুহাম্মাদ হতে, তিনি তার পিতা হতে, তিনি আলী ইবনু আবী তালেব (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এর সমস্যা হচ্ছে সালম ইবনু সালেম, তিনি হচ্ছেন বালখী আযযাহেদ। তাকে ইমাম আহমাদ ও নাসাঈ দুর্বল আখ্যা দিয়েছেন। আর আসাম তার মিথ্যুক হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন।

অপেক্ষা করার অংশটুকুর অন্যান্য সূত্র রয়েছে। সেগুলো সম্পর্কে (১৫৭৩) নম্বরে আলোচনা করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72808>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন